# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩২৫

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯) মসজিদে গমণ করা। বিশেষ করে অন্ধকারে এবং তার ফযীলতের বর্ণনা

## الترغيب في المشي إلى المساجد سيما في الظلم وما جاء في فضلها

আরবী

(حسن صحيح) وَعَنْ جُبَيْرِ بْنِ مُطْعِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَجُلاً قَالَ : ،: يَا رَسُولَ اللهِ ، أَيُّ الْبُلْدَانِ أَحَبُّ إِلَى اللهِ ؟ وَأَيُّ الْبُلْدَانِ أَبْغَضُ إِلَى اللهِ ؟ قَالَ : لاَ أَدْرِي حَتَّى أَسْأَلَ جِبْرِيلَ ، فَأَتَاهُ فَأَخْبَرَهُ جِبْرِيلُ ، أَنَّ أَحَبَّ الْبِقَاعِ إِلَى اللهِ الْمَسَاجِدُ ، وَأَبْغَضُ الْبِقَاعِ إِلَى اللهِ الأَسْوَاقُ.

رواه أحمد والبزار واللفظ له وأبو يعلى والحاكم وقال صحيح الإسناد

বাংলা

৩২৫. (সহীহ্) জুবাইর বিন মুতইম (রাঃ) থেকে বর্ণিত, জনৈক ব্যাক্তি বললঃ হে আল্লাহর রাসূল! আল্লাহর কাছে সবচেয়ে পছন্দনীয় স্থান কোনটি এবং আল্লাহর কাছে সর্বনিকৃষ্ট স্থান কোনটি? তিনি বললেনঃ

”আমি জানি না, তবে জিবরীল (আঃ) কে জিজ্ঞেস করে তোমাদের জবাব দিব। অতঃপর জিবরীল এলেন এবং তাঁকে বললেনঃ আল্লাহর কাছে সর্বোত্তম ভূখন্ড হল মসজিদ সমূহ এবং আল্লাহর কাছে সবচেয়ে ঘৃণিত ভূখন্ড হল বাজার সমূহ।”

(হাদীছটি বর্ণনা করেছেন আহমাদ ৪/৮১, বাযযার, আবু ইয়ালা ও হাকেম। হাদীছটির বাক্য বাযযার থেকে গৃহীত। হাকেম বলেনঃ হাদীছটির সনদ সহীহ্।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ জুবায়র ইবনু মুত‘ইম (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88096

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন